গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
সিজিএ ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং-সিজিএ/হিসাব ও সিডিপিইউ/পরিসংখ্যান/৩৩২/ ৯৬৮ তারিখ ঃ২৮/০১/২০১৬খ্রিঃ।

অফিস আদেশ

সিজিএ কার্যালয়ের হিসাব ও সিডিপিইউ শাখা হতে বিগত ১৭/১২/২০১৫ ইং তারিখে পত্র নং- সিজিএ/ হিসাব ও সিডিপিইউ/পরিসংখ্যান/৩৩২/৯৪২ এর মাধ্যমে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী পেনশনারদের পেনশন ও ভাতা নির্ধারণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনলাইনে তথ্য সন্নিবেশ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-৫২১ তারিখঃ ১৫/১২/২০১৫ পৃষ্টাংকন করা হয়েছে। তাছাড়া সিজিএ অফিসের স্মারক নং সিজিএ হিসাব ও সিডিপিইউ/সভা-সেমিনার/৪০৩/৯৫৯ তারিখঃ ০৪/০১/২০১৬ খ্রিঃ এর মাধ্যমেও এ সংক্রান্ত পৃথক অফিস আদেশ জারী করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের উক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক পেনশনারগনের পেনশন নির্ধারণ এর কাজে কিছু ব্যত্যয় হচ্ছে। ব্যাংক হতে পেনশন গ্রহণকারী কোন কোন পেনশনার হিসাবরক্ষণ অফিসে এসে অন-লাইনের মাধ্যমে পেনশন পুন:নির্ধারণ করে দেয়ার জন্য অনুরোধ করছেন। আবার অনেক ব্যাংকও একইভাবে হিসাবরক্ষণ অফিসে এসে অন-লাইনের মাধ্যমে পেনশন পুন:নির্ধারণ করে দেয়ার জন্য হিসাবরক্ষণ অফিসকে অনুরোধ করছেন এবং সে অনুযায়ী দু' একটি সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস নিজস্ব ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে পেনশন পুন:নির্ধারণ করে দেয়া হচ্ছে মর্মে জানা যায়। সরকারী সিদ্ধান্ত মোতাবেক যে সকল পেনশনভোগী বর্তমানে ব্যাংক হতে পেনশন গ্রহণ করেন, জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী তাঁদের পেনশন অনলাইনের মাধ্যমে ব্যাংক কর্তৃকই পুণ:নির্ধারণ করা হবে। কোন অবস্থাতেই ব্যাংক হতে পেনশনগ্রহণকারীর পেনশন অন লাইনে হিসাবরক্ষণ অফিসের মাধ্যমে নির্ধারণ করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৮/১/১৬
(আবদুর রহমান)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)
ফোন ঃ ৯৩৪৯৮৪৪

নং-সিজিএ/হিসাব ও সিডিপিইউ/পরিসংখ্যান/৩৩২/৯৬৮ তারিখ ঃ২৮/০১/২০১৬খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী (অতিরিক্ত সচিব)]
২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।
৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৭। পিএস টু সিজিএ।

২৮/১/১৬
(আবদুর রহমান)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)
ফোন ঃ ৯৩৪৯৮৪৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়

সিজিএ ভবন

সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/সভা-সেমিনার/৪০৩/৯৫৯ তারিখঃ০৪/০১/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী পেনশনারদের পেনশন ও ভাতা নির্ধারণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনলাইনে তথ্য সন্নিবেশ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)- ৫২১ তারিখ: ১৫-১২-২০১৫ খ্রি: এর প্রেক্ষিতে এবং অর্থ বিভাগের ০৩/০১/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নলিখিত বিষয়সমূহ পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

১) সকল পেনশনারকে পিপিও বই , জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও মোবাইল নম্বর জমা দিতে হবে। উল্লেখ্য, জানুয়ারী, ২০১৬ মাসের প্রথম সপ্তাহে যে সকল পেনশনার পেনশন নিতে হিসাবরক্ষণ অফিসে আসবেন তাঁদেরকে পরবর্তী মাসে পেনশন পূন:নির্ধারণসহ বর্ধিত পেনশন গ্রহণ করার সুবিধার্থে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, মোবাইল নম্বর, পিপিও বই জমা দেয়ার জন্য সিএও, ডিসিএ, ডিএও এবং ইউএও গণ কর্তৃক পেনশনারদের অনুরোধ করতে হবে।

২) কোন পিপিও বই www.payfixation.gov.bd./pension এই ওয়েব সাইটে এন্ট্রি না করে বেতন আদেশ ২০১৫ অনুযায়ী পেনশন নির্ধারণ করা যাবে না।

৩) পেনশনারের কিছু সুনির্দিষ্ট তথ্য ওয়েব সাইটে এন্ট্রি করার পর একটি Auto Generated 'পেনশনার শনাক্তকরণ নাম্বার' পাওয় যাবে। উক্ত নাম্বারটি আবশ্যিকভাবে পিপিও বইতে উল্লেখ করতে হবে। এর কোন ব্যত্যয় ঘটানো যাবে না।

৪) কোন পিপিও বই এর তথ্য www.payfixation.gov.bd./pension ওয়েব সাইটে এন্ট্রি না করলে অথবা পিপিও বইতে Auto Generated 'পেনশনার শনাক্তকরণ নাম্বার' টি লাল কালিতে (সীল দিয়ে) উল্লেখ না করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

৫) এ পদ্ধতি শুধু সরকারি পেনশনারদের জন্য প্রযোজ্য হবে। কোন স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের পেনশনারদের ক্ষেত্রে প্রয়োগ করা যাবে না।

(মোঃ কামরুল আলম)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন ঃ ৯৩৬০৮৫৯।

নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/সভা-সেমিনার/৪০৩/৯৫৯ তারিখঃ০৪/০১/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব,অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, অতিরিক্ত সচিব (বাজেট-১)]

২। কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ (PEMS) কর্মসূচি, ইউসেফ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতি: কর্মসূচি পরিচালক (iBAS++ ও একাউন্টস)।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।

৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৫। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)। | অধীনস্ত সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসে অবগতির অনুরোধসহ।

৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৮। পিএস টু সিজিএ।

৪/১/১৬

(মোঃ কামরুল আলম)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোন ঃ ৯৩৬০৮৫৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ- ১, শাখা- ৩

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)- ৫২৯ তারিখঃ ৩১ অগ্রহায়ন ১৪২২ / ১৫ ডিসেম্বর ২০১৫

পরিপত্র

বিষয়ঃ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী পেনশনারদের পেনশন ও ভাতা নির্ধারণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনলাইনে তথ্য সন্নিবেশ।

সকল সামরিক ও বেসামরিক পেনশনারকে তাঁর পেনশনের টাকা উত্তোলনের জন্য প্রতি মাসে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংকে যেতে হয়। এতে পেনশনারদের অনেক ভোগান্তি হয়। সরকার পেনশন ব্যবস্থাপনাকে অটোমেশনের আওতায় এনে ইএফটি'র (ইলেকট্রোনিক ফান্ড ট্রান্সফার) মাধ্যমে সরাসরি পেনশনারদের ব্যাংক একাউন্টে টাকা প্রেরণের পরিকল্পনা গ্রহণ করেছে। এ ব্যবস্থায় ব্যাংক একাউন্টে টাকা প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট পেনশনারকে এসএমএস (SMS)– এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে অবহিত করা হবে। ফলে, টাকা জমা হওয়ার বিষয়টি নিশ্চিত হয়ে পেনশনার সুবিধামত সময়ে তাঁর একাউন্ট হতে টাকা উত্তোলন করতে পারবেন। এতে পেনশনারদের ভোগান্তি বহুলাংশে লাঘব হবে। প্রতিমাসে নির্দিষ্ট তারিখে হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংক কাউন্টারে পেনশনারকে দীর্ঘসময় লাইনে দাড়িয়ে থাকতে হবে না।

২। পেনশনারদের উপরে বর্ণিত এ সুবিধা প্রদানের জন্য একটি পূর্ণাঙ্গ তথ্যভান্ডার প্রণয়ন করা আবশ্যক। এ লক্ষ্যে জাতীয় বেতনস্কেল, ২০১৫ –এর আদেশ জারির পর সকল সামরিক ও বেসামরিক পেনশনারকে তাঁর পেনশন নতুন করে অনলাইনে নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ জন্য-

(ক) পেনশনারকে তাঁর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও পিপিও বই সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংকে জমা দিতে হবে।

(খ) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংক পেনশনারের নিকট থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে www.payfixation.gov.bd/pension ওয়েবসাইট ব্যবহার করে অনলাইনে পেনশন নির্ধারণের কাজ সম্পন্ন করবেন। পেনশন নির্ধারণের কাজ সম্পন্ন করার পর একটি auto-generated পেনশনার সনাক্তকরণ নম্বর পাওয়া যাবে যা সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংক কর্তৃক আবশ্যিকভাবে পেনশনারের পিপিও বই এবং ডি- হাফে লিখতে হবে। কোন পেনশনারের পিপিও বই এবং ডি- হাফে পেনশনার সনাক্তকরণ নম্বর উল্লেখ করা না থাকলে হিসাবরক্ষণ অফিস বা ব্যাংকের সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) ভবিষ্যতে নতুন জাতীয় বেতন স্কেল অথবা অন্য কোন কারণে কোন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর পেনশন নির্ধারণ বা পুন:নির্ধারণের প্রয়োজন হলে সেক্ষেত্রেও এ পরিপত্রে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে একই ওয়েবসাইট ব্যবহার করে অনলাইনে পেনশন নির্ধারণ বা পুন: নির্ধারণ করতে হবে।

৩। অবসরপ্রাপ্ত সামরিক ও বেসামরিক কর্মচারীর পেনশন প্রদানের সাথে সম্পৃক্ত সকল রাষ্ট্রায়াত্ত ব্যাংক এবং হিসাবরক্ষণ অফিসকে এ পরিপত্র অনুযায়ী পেনশন নির্ধারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হলো এবং তা' চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ **২০১৫** জারীর তারিখ হতে কার্যকর হবে। এ বিষয়ে হিসাবরক্ষণ অফিস ও ব্যাংকসমূহের সুবিধার্থে একটি ব্যবহার নির্দেশিকা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

১৫/১২/১৫
(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
অতিরিক্ত সচিব (বাজেট ১)
ফোন: ৯৫১১০৫০

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাও, ঢাকা
৩. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব...মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
(সংশ্লিষ্ট সকল ব্যাংককে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৬. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৭. সচিব, সরকারী কর্মকমিশন সচিবালয়,আগারগাঁও, ঢাকা
৮. সচিব, দুর্নীতি দমন কমিশন সেগুনবাগিচা, ঢাকা
৯. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
১০. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১১. হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা
(সংশ্লিষ্ট সকল হিসাবরক্ষণ কার্যালয়কে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১২. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা
(সংশ্লিষ্ট সকল হিসাবরক্ষণ কার্যালয়কে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(বিষয়টি ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৪. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিঃ
(সংশ্লিষ্ট সকল শাখাকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১৫. ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিঃ
(সংশ্লিষ্ট সকল শাখাকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১৬. ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিঃ
(সংশ্লিষ্ট সকল শাখাকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ
(সংশ্লিষ্ট সকল শাখাকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১৮. সিনিয়র তথ্য কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিতরণঃ (সদয় অবগতির জন্য)

১. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রবারা), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা